



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
www.dpe.gov.bd



স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.০৫.০০৫.১৮.১৬

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩০

১৪ আগস্ট ২০২৩

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষের মূল্যায়ন নির্দেশনা স্পষ্টীকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ শিক্ষাবর্ষের মূল্যায়ন সম্পর্কিত নির্দেশনা অধিকতর স্পষ্টীকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাবলি অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

এই নির্দেশনার শেষে পৃথকভাবে প্রথম শ্রেণির শিক্ষার্থীর শতভাগ ধারাবাহিক মূল্যায়ন, মূল্যায়নকৃত তথ্য শিক্ষক ডায়েরি-১ ও ডায়েরি-২ এ সন্নিবেশপূর্বক শিখন অগ্রগতি প্রতিবেদন তৈরির ৩টি বিষয়ের নমুনা সহ ৯ পৃষ্ঠার একটি সাধারণ নির্দেশনা এতদসহ জারি করা হলো।

১। **প্রাক-প্রাথমিক:** শিক্ষক সহায়িকার নির্দেশনা অনুসরণ করে মূল্যায়ন সম্পন্ন করতে হবে।

২। **প্রথম শ্রেণি:** প্রাথমিক স্তরের পরিমার্জিত শিক্ষাক্রম-২০২১ অনুযায়ী ২০২৩ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে শতভাগ ধারাবাহিক মূল্যায়ন করতে হবে। প্রথম শ্রেণিতে কোনোরূপ প্রান্তিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

প্রথম শ্রেণির শিক্ষক সহায়িকার (Teacher's Guide) শেষে ধারাবাহিক মূল্যায়ন নির্দেশিকা সংযুক্ত রয়েছে। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এর ওয়েব সাইটেও (www.nctb.gov.bd) উক্ত নির্দেশিকাটি আপলোড করা আছে। এছাড়াও শিক্ষকদের মূল্যায়ন কার্যক্রম পরিচালনা ও তথ্য সংরক্ষণের জন্য প্রতিটি বিষয়ের শিখনফল/ অর্জন উপযোগী যোগ্যতার নম্বর উল্লেখপূর্বক শিক্ষক ডায়েরি-১ এবং শিক্ষক ডায়েরি-২ নামে ২টি এমএস ওয়ার্ড ও পিডিএফ ফাইল উক্ত ওয়েবসাইটে আপলোড করা আছে। সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষকবৃন্দ উক্ত ফাইল ডাউনলোড করে নির্দেশনা অনুযায়ী মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করতে পারবেন এবং প্রতি প্রান্তিকে শিক্ষার্থীর শিখন অগ্রগতির প্রতিবেদন প্রদান করতে পারবেন।

৩। **দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণি:** ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণিতে কোভিড পরিস্থিতির অব্যবহিত পূর্বে যেভাবে প্রতি প্রান্তিকে প্রতি বিষয়ে ১০০ নম্বরের সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হতো সেভাবে মূল্যায়ন কার্যক্রম সম্পাদন করতে হবে।

৪। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বর্ষপঞ্জি ২০২৩ এ উল্লিখিত মূল্যায়নের জন্য নির্ধারিত তারিখ অনুযায়ী বিভিন্ন প্রান্তিকের মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার রুটিন প্রণয়ন করবেন।

৫। সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের তত্ত্বাবধানে বিষয় শিক্ষকের মাধ্যমে জ্ঞান, অনুধাবন ও প্রয়োগমূলক শিখনক্ষেত্র বিবেচনায় বিদ্যালয়/ ক্লাস্টার/ উপজেলাভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে কঠোর গোপনীয়তা রক্ষা করতে হবে।

৬। মূল্যায়ন কার্যক্রম সম্পন্নের জন্য শিক্ষার্থী বা অভিভাবকগণের নিকট থেকে ফি গ্রহণ করা যাবে না।

৭। বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী প্রশ্নপত্র কম্পিউটারে কম্পোজ করতে হবে। প্রশ্নপত্র প্রিন্ট/ফটোকপি ও উত্তরপত্র (খাতা)সহ আনুষঙ্গিক ব্যয় বিদ্যালয়ের আনুষঙ্গিক খাত/স্লিপ ফান্ড থেকে নির্বাহ করতে হবে।

৮। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত এ আদেশ বহাল থাকবে।

১৪-৮-২০২৩

শাহ রেজওয়ান হায়াত  
মহাপরিচালক (গ্রেড-১)

উপজেলা শিক্ষা অফিসার, সকল।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.০৫.০০৫.১৮.১৬/১(১১৮)

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩০  
১৪ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, বিদ্যালয়-২ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) বিভাগীয় উপপরিচালক (সকল)
- ৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৫) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই), (সকল)
- ৬) ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার এর কার্যালয়, উপজেলা রিসোর্স সেন্টার (সকল)
- ৭) অফিস কপি।

১৪-৮-২০২৩

নাসরিন সুলতানা  
সহকারী পরিচালক